**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 13-02-2026** **Desk in Charge : Kalyan L.**
**Time : 1.30 PM** **Compiling : Jayanta S./Sujay P.**
**DEO: KB** **NRT : Surita Saha**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১) সংসদের উভয় কক্ষ লোকসভা ও রাজ্যসভা আজ মুলতুবি হয়ে গেছে। ৯-ই মার্চ শুরু হবে অধিবেশনের দ্বিতীয় পর্ব।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে সেবাতীর্থ ভবন কমপ্লেক্সের উদ্বোধন করবেন।

৩) বাংলাদেশে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বি এন পি দুই-তৃতীয়াংশ এরও বেশি সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ক্ষমতায় আসতে চলেছে। #প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বাংলাদেশ ন্যাশনালিস্ট পার্টির প্রধান তারেক রহমানকে তাঁর দলের বিজয়ের জন্য অভিনন্দন জানিয়েছেন।

৪) মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প ইরানের উদ্দেশে বলেছেন, ওয়াশিংটনের সঙ্গে পারমাণবিক চুক্তি ব্যর্থ হলে , তেহরানের জন্য তা অত্যন্ত মর্মান্তিক হতে পারে।

৫) পশ্চিমবঙ্গে SIR-এর কাজকর্ম খতিয়ে দেখতে মুখ্য নির্বাচন কমিশনারের নেতৃত্বে নির্বাচন কমিশনের পুর্নাঙ্গ বেঞ্চ আজ ভার্চুয়াল বৈঠকে বসেছে।

৬) বিশ্ব বেতার দিবস আজ। এবছরের মূল ভাবনা “বেতার এবং কৃত্রিম বুদ্ধিমত্তা”- AI একটি হাতিয়ার, কণ্ঠস্বর নয়।

**********************************************************************

সংসদের উভয় কক্ষ লোকসভা ও রাজ্যসভা আজ মুলতুবি হয়ে গেছে। ৯ইমার্চ শুরু হবে অধিবেশনের দ্বিতীয় পর্ব। চলবে দোসরা এপ্রিল পর্যন্ত।

উল্লেখ্য, দুই পর্বের বাজেট অধিবেশনের প্রথম পর্ব শুরু হয়েছিল ২৮ শে জানুয়ারী।

সংসদ অধিবেশন আজ শুরু হয় প্রাক্তন সাংসদ ভগবান দাস রাঠোর এবং প্রিসাইডিং অফিসার সন্ধ্যা রায়ের মৃত্যুতে শোকজ্ঞাপনের মাধ্যমে। সংসদে তৃণমূল কংগ্রেস এবং ডি এম কে সহ অন্যান্য বিরোধী দল স্লোগান দিতে দিতে ওয়েলে নেমে পড়েন।

**************************

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে. পি. নাড্ডা বলেছেন, দেশে কোডিন-ভিত্তিক কাশির সিরাপ সেবনের কারণে কোনও মৃত্যুর খবর পাওয়া যায়নি। লোকসভায় আজ প্রশ্নোত্তর কালে শ্রী নাড্ডা বলেন, যখনই কোনও ওষুধের সঙ্গে সম্পর্কিত মৃত্যুর ঘটনা প্রকাশিত হয়, সরকার তৎক্ষণাৎ তদন্তের নির্দেশ দেয়। যদি কোনও ওষুধ মানুষের ব্যবহারের জন্য অনুপযুক্ত বলে প্রমাণিত হয়, তবে তা অবিলম্বে বাজার থেকে প্রত্যাহার করে নেওয়া হয়। তিনি আরো বলেন, ওষুধের নিরাপত্তা নিশ্চিত করার জন্য একটি নিয়ন্ত্রণ পদ্ধতি রয়েছে এবং সরকার তা কঠোরভাবে অনুসরণ করছে।

( বাইট - জে. পি. নাড্ডা)

**************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতীয় রাজধানীতে আজ ‘সেবা তীর্থ’ ভবন কমপ্লেক্সের উদ্বোধন করবেন। এদিন আনুষ্ঠানিকভাবে এক ও দু নম্বর কর্তব্য ভবনেরও উদ্বোধন করবেন তিনি । একটি আধুনিক, কার্যকরী, নাগরিক-কেন্দ্রিক শাসন ব্যবস্থার পরিমণ্ডল গড়ে তুলতে সরকারের দায়বদ্ধতা এতে প্রতিফলিত হয়েছে। আজ সন্ধ্যায় সেবা তীর্থে এক জনসভায় ভাষণ দেবেন প্রধানমন্ত্রী।

সেব তীর্থে প্রধানমন্ত্রীর দফতর, জাতীয় নিরাপত্তা পরিষদ, ক্যাবিনেট সচিবালয়ের মতো গুরুত্বপূর্ণ দফতরগুলি থাকবে। নতুন এই ভবন কমপ্লেক্স আধুনিক এবং ভবিষ্যতের

সবরকম সুবিধা-সহ প্রশাসনিক কাজকর্মকে আরও সুসংহত করবে। এক ও দু নম্বর কর্তব্য ভবনে বেশকিছু গুরুত্বপূর্ণ মন্ত্রকের দফতর থাকছে।

*************************

কেন্দ্রীয় নারী ও শিশু উন্নয়ন মন্ত্রক আগামীকাল নতুন দিল্লির বিজ্ঞান ভবনে কর্ম ক্ষেত্রে মহিলাদের নিরাপত্তা বিষয়ক একটি জাতীয় সম্মেলনের আয়োজন করেছে। এই সম্মেলনে বিভিন্ন ক্ষেত্রে কর্মরত মহিলাদের নিরাপত্তা, হয়রানি মুক্ত পরিস্থিতির দিকে গুরুত্ব দেওয়া হবে। কর্মক্ষেত্রে মহিলাদের যৌন হয়রানি প্রতিরোধ নিষেধাজ্ঞা ও প্রতিকার আইন-২০১৩ বাস্তবায়নে আরও জোর দেওয়া হবে। কেন্দ্রীয় নারী ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা দেবী, প্রতিমন্ত্রী সাবিত্রী ঠাকুর সহ মন্ত্রকের প্রবীণ আধিকারিকরা এই জাতীয় সম্মেলনে যোগ দেবেন।

*************************

কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং আগামীকাল তামিলনাড়ুতে রিসার্চ ইন্ডাস্ট্রি, স্টার্ট-আপ এবং উদ্যোগপতিদের সম্মেলনের উদ্বোধন করবেন। চেন্নাই এবং কারাইকুডিতে বৈজ্ঞানিক ও শিল্প গবেষণা পরিষদ দুই দিনের এই সম্মেলন আয়োজন করেছে। সংবাদ মাধ্যমের সঙ্গে এক সাক্ষাৎকারে স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ সেন্টার চেন্নাইয়ের নির্দেশক ডক্টর এন. আনন্দবল্লী বলেন, এই সম্মেলনের লক্ষ্য স্টার্ট আপ, এম এস এম ই, শিল্প পরিচালক, শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান এবং জনসাধারণের সৃজনশীল ক্ষমতাকে উৎসাহ দিতে জন্য একটি মঞ্চ তৈরি করা।

*************************

কর্নাটকের বেঙ্গালুরুর গ্রামীণ জেলার হোসকোট তালুকের এম সত্যভাড়া গ্রামের কাছে এক সড়ক দুর্ঘটনায় ৭ জনের মৃত্যু হয়েছে। একটি গাড়ি, মোটর সাইকেল এবং ক্যান্টার ট্রাকের মধ্যে সংঘর্ষে এই দুর্ঘটনা ঘটে। পুলিশ জানিয়েছে, আজ কোলার থেকে দেবানহাল্লির দিকে প্রথমে একটি গাড়ি, মোটর সাইকেলকে ধাক্কা মারে। এরপর চালক নিয়ন্ত্রণ হারিয়ে একটি ট্রাকে ধাক্কা মারে। ৬ জন গাড়ির আরোহী এবং একজন বাইক আরোহী ঘটনাস্থলেই মারা গেছেন।

**************************

বাংলাদেশে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ ন্যাশেনালিস্ট পার্টি, বিএনপি দুই তৃতীয়াংশ- এরও বেশি সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ক্ষমতায় আসতে চলেছে। শেষ পাওয়া সরকারী সূত্রের খবর অনুযায়ী, বিএনপি ও তাদের দলীয় জোট ২০৮টি আসনে এগিয়ে রয়েছে। গণনা এখনও চলছে। বিএনপি প্রধান তারেক রহমান ঢাকা ও বগুড়া আসনে জয়ী হয়েছেন। দলের মহাসচিব মির্জা ফকরুল ইসলাম আলমগিরও জয়লাভ করেছেন। ঢাকা থেকে আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন-

( ভিসি – নওলসিং )

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বাংলাদেশের সংসদীয় নির্বাচনে বাংলাদেশ ন্যাশেনালিস্ট পার্টির প্রধান তারেক রহমানকে তার দলের বিজয়ের জন্য অভিনন্দন জানিয়েছেন। সমাজ মাধ্যমে একবার্তায় শ্রী মোদী এই জয়কে তারেক রহমানের নেতৃত্বে বাংলাদেশের জনগণের আস্থা ও বিশ্বাসের প্রতিফলন বলে উল্লেখ করেছেন। ভারত গণতান্ত্রিক, প্রগতিশীল বাংলাদেশকে ভারত সমর্থন করবে বলে প্রধানমন্ত্রী দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে বহুমুখী অংশীদারিত্বের ভিত্তিতে দুটি দেশ আগামী দিনে তাদের সম্পর্ক আরো শক্তিশালী করবে বলে প্রধানমন্ত্রী জানিয়েছেন।

অন্যদিকে, জামাত-ই-ইসলামি পেয়েছে ৬০টি আসন। তাদের অন্যতম জোট সঙ্গী জাতীয় নাগরিক পার্টি এনসিপি-র দখলে গিয়েছে ৬টি আসন। ভোট গণনা চলছে, সরকারিভাবে ফলাফল এখনও ঘোষণা করা হয়নি।

এদিকে মার্কিন দূতাবাস থেকেও বিএনপির জয়লাভে অভিনন্দন জানানো হয়েছে। বাংলাদেশের মানুষকেও দূতাবাসের তরফে শুভেচ্ছা জানানো হয়।

**************************

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প ইরানকে আবারও সতর্ক করে দিয়ে বলেছে ওয়াশিংটনের সঙ্গে পারমানবিক চুক্তিতে পৌঁছতে ব্যর্থ হলে তেহরানের জন্য তা অত্যন্ত মর্মান্তিক হতে পারে। হোয়াইটহাউসে ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুকে স্বাগত জানানোর একদিন পরে ট্রাম্প বলেছেন কূটনৈতিকভাবে ইরানকে সমঝোতায় আসতেই হবে কারণ সময়সীমা প্রায় কাছাকাছি চলে এসেছে। তিনি আরও বলেন তাদের সঙ্গে আলোচনা ব্যর্থ

হলে যুক্তরাষ্ট্র তাদের ওপর চাপ বাড়াতে প্রস্তুত। এদিকে মার্কিন রাষ্ট্রপতি পশ্চিম এশিয়ায় দ্বিতীয় বিমানবাহী মার্কিন রণতরী মোতায়েনের কথা বিবেচনা করছে বলে জানা গেছে।

*************************

পশ্চিমবঙ্গের ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী বা SIR-এর কাজকর্ম খতিয়ে দেখতে মুখ্য নির্বাচন কমিশনারের নেতৃত্বে নির্বাচন কমিশনের পুর্নাঙ্গ বেঞ্চ আজ ভার্চুয়ালী বৈঠকে বসেছে। উপস্থিত রয়েছেন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক এবং রোল অবজার্ভাররা। রাজ্যে নির্বাচনী দায়িত্বে থাকা আধিকারিকদের ভূমিকা সহ নানা বিষয় নিয়ে বৈঠকে আলোচনা চলছে।

এদিকে, নির্বাচন কমিশনের তরফে ইতিমধ্যেই রাজ্যে ভোটের প্রস্তুতি জোরদার করার নির্দেশ দেওয়া হয়েছে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ, আধিকারিকদের বদলি ও নিয়োগ, মাইক্রো অবজ়ার্ভারদের প্রশিক্ষণ, গণনা কেন্দ্র নির্ধারণ—একাধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে গত কয়েক সপ্তাহ ধরে তৎপরতা বেড়েছে। সেই প্রেক্ষিতেই এই ভিডিও বৈঠককে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে।

*************************

আজ বিশ্ব বেতার দিবস। ১৯৪৬ সালে রাষ্ট্রসংঘ রেডিওর প্রতিষ্ঠার স্মরণে প্রতিবছর ১৩ই ফেব্রুয়ারি দিনটি পালিত হয়। এবছর মূল ভাবনা, 'বেতার এবং কৃত্রিম বুদ্ধিমত্তা : এআই একটি হাতিয়ার কণ্ঠস্বর নয়'। বিশ্ব বেতার দিবস ২০২৬ উপলক্ষে ছত্রিশগড়ের আকাশবাণী রায়পুর ইউনেস্কোর সঙ্গে যৌথ উদ্যোগে বিশ্ব বেতার দিবস সম্মেলনের আয়োজন করেছে।

এই কনক্লেভের আলোচনার মূল বিষয় "রেডিও এবং কৃত্রিম বুদ্ধিমত্তা", এবং রেডিও সম্প্রচারের মূলে মানুষের কণ্ঠস্বর সংরক্ষণের সময় কীভাবে কৃত্রিম বুদ্ধিমত্তা বিষয়বস্তু তৈরির ক্ষেত্রে শক্তিশালী হাতিয়ার হতে পারে পাশাপাশি শ্রোতাদের সম্পৃক্ততা এবং তাদের কাছে পৌঁছানোর ক্ষমতাকে শক্তিশালী করার বিষয়ে আলোচনা হবে।

*************************

বিশ্ব বেতার দিবসে উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণান সারা দেশের রেডিও শ্রোতাদের শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে শ্রী রাধাকৃষ্ণান বলেন, রেডিও প্রজন্মের পর প্রজন্মকে তথ্য প্রদান, সংযুক্ত করার পাশাপাশি তাঁদের কণ্ঠস্বর তুলে ধরে। তিনি বলেন, ডিজিটাল প্ল্যাটফর্ম ও পডকাস্টের মাধ্যমে রেডিও ক্রমাগত পরিবর্তিত হচ্ছে। বিশ্ব বেতার দিবস উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সামাজিক মাধ্যমে এক বার্তায় আজ তিনি বলেন, মানুষের কথা নির্ভরযোগ্যভাবে তুলে ধরার এক মাধ্যম হুল বেতার।

*************************

বিশ্ব বেতার দিবস উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সামাজিক মাধ্যমে এক বার্তায় আজ তিনি বলেন, মানুষের কথা নির্ভরযোগ্যভাবে তুলে ধরার এক মাধ্যম হল বেতার।
তিনি আরও বলেন, সঠিক সময়ে সঠিক তথ্য শ্রোতাদের কাছে তুলে ধরে বেতার, উৎসাহ দেয় সৃজনশীলতাকে। রেডিওতে তাঁর মন কী বাত অনুষ্ঠানের অভিজ্ঞতার কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেছেন, বেতার সামাজিক সংযোগ বাড়ায়।

*************************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ জাতীয় নারী দিবস উদযাপিত হচ্ছে। রাজনীতিবিদ বিশিষ্ট বাগ্মী, কবি সরোজিনী নাইডুর জন্মদিনটি ভারতে জাতীয় নারী দিবস হিসেবে উদযাপিত হয়ে থাকে। সরোজিনী নাইডু নারীর অধিকার, ক্ষমতায়নে, সামাজিক আন্দোলনে অগ্রণী ভূমিকা পালন করেছিলেন। তাঁকে ভারতের নাইটিংগেলও বলা হয়ে থাকে।

*************************

ICC -র পুরুষদের T-20 ক্রিকেট বিশ্বকাপে আজ কলম্বোয় আর. প্রেমাদাসা স্টেডিয়ামে জিম্বাবোয়ে, অস্ট্রেলিয়ার সামনে জয়ের জন্য ১৭০ রানের লক্ষ্যমাত্রা রেখেছে। জিম্বাবোয়ে প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ২ উইকেট হারিয়ে ১৬৯ রান তুলেছে।
টসে জিতে অস্ট্রেলিয়া, জিম্বাবোয়েকে প্রথমে ব্যাট করতে পাঠায়।

অন্য ম্যাচে আজ দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে বিকেল তিনটেয় কানাডা, সংযুক্ত আরব –আমীরশাহীর মুখোমুখি হবে ।

সন্ধে সাতটায় চেন্নাই-এর এম এ চিদাম্বরম স্টেডিয়ামে মার্কিন যুক্তরাষ্ট্র খেলবে নেদারল্যান্ডসের বিরুদ্ধে।

-

**************************

থাইল্যান্ডের ব্যাংককে আজ মহিলা এশিয়া কাপ রাইজিং স্টারস টুর্নামেন্টের উদ্বোধনী দিনে ভারত- এ দল সংযুক্ত আরব আমিরশাহীর বিরুদ্ধে টসে জিতে ব্যাটিং এর সিদ্ধান্ত নিয়েছে।

শেষ খবর পাওয়া পর্যন্ত ভারত ৩ ওভারে ২ উইকেট হারিয়ে ১১ রান তুলেছে।

অতীতে এসিসি মহিলা টি-টোয়েন্টি ইমার্জিং টিমস এশিয়া কাপ নামে পরিচিত এই টুর্নামেন্টে আটটি দল অংশ নিচ্ছে।

********************************************************************